বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
**web: www.supremecourt.gov.bd**

সার্কুলার নং- ০৬......../২০১৫ এ, তারিখঃ ৭/৬/২০১৫খ্রি.

**বিষয়ঃ জেলা জজ আদালত ও মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন আদালত, অন্যান্য বিশেষ জজ আদালতসমূহ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন আদালত, অন্যান্য বিশেষ জজ আদালতসমূহ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ও চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে গঠিত নিয়োগ কমিটির মাধ্যমে নিয়মিত কর্মচারী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। জেলা পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের নিয়োগ প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু কোনো কোনো জেলায় এরূপ নিয়োগ প্রদানের ক্ষেত্রে, বাইরের জেলার প্রার্থীদের নিয়োগ দেওয়া হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। সংশ্লিষ্ট জেলায় উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে শুধুমাত্র সেক্ষেত্রেই অন্য জেলার প্রার্থী নিয়োগ করা যেতে পারে।

২। দেখা যায় যে, নিয়োগ পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত কর্মচারীরা নিজ জেলায় বদলীর জন্য আগ্রহী হয়ে উঠে। ফলে যোগদানকৃত জেলায় পুনরায় পদ শূন্য হয় এবং শূন্যপদ পূরণের জন্য পুনরায় দীর্ঘ কার্যক্রম অনুসরণ করে তা সম্পন্ন করতে হয়। এতে করে সংশ্লিষ্ট জেলার প্রশাসনিক ও বিচারিক কাজে স্থবিরতা সৃষ্টি হয় এবং প্রশাসনিক কাজের ব্যাপ্তি অনেক বেড়ে যায়। অধিকন্তু হাইকোর্ট বিভাগে আন্তজেলা বদলীর উল্লেখযোগ্য সংখ্যক আবেদন নিষ্পত্তি করতে হয়।

৩। জেলা পর্যায়ে কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটিতে সভাপতি ও সদস্য পদে সংশ্লিষ্ট জেলার বিজ্ঞ বিচারকরা নিয়োজিত থাকেন। ফলে প্রতিটি নিয়োগে নিয়োগ কমিটির স্বচ্ছতা ও আইন/বিধি অনুসরণক্রমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা অপরিহার্য। বিচার বিভাগের সম্মান ও মর্যাদা অক্ষুন্ন রাখার স্বার্থে বিচারকদের বিচারকার্য ছাড়াও প্রশাসনিক কাজে শতভাগ শুদ্ধতা ও স্বচ্ছতা রাখা জরুরি।

৪। এমতাবস্থায়, জেলা পর্যায়ে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের নিয়োগ প্রদানসহ প্রতিটি নিয়োগের ক্ষেত্রে আইন/বিধি/সার্কুলার অনুসরণক্রমে স্বচ্ছতার সাথে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল। ভবিষ্যতে নিয়োগের ক্ষেত্রে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ/
(সৈয়দ আমিনুল ইসলাম)
রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ registrar@supremecourt.gov.bd

স্মারক নং-　　　　　　　　　　　　এ,　　　　　　　　　　　　তারিখঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। জেলা জজ, ........................................................................................ সকল।
২। মহানগর দায়রা জজ, .............................................................................. সকল।
৩। বিভাগীয় বিশেষ জজ, ............................................................................. সকল।
৪। বিচারক (জেলা জজ) নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ................................... সকল।
৫। বিচারক (জেলা জজ) জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ......................... সকল।
৬। বিচারক (জেলা জজ) দ্রুত বিচার ট্রাইব্যুনাল, .................................................... সকল।
৭। বিশেষ জজ (জেলা জজ), ......................................................................... সকল।
৮। বিচারক (জেলা জজ) পরিবেশ আপীল আদালত, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (বিষয়টি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
(প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬